# স্কুল ছুটির সময় আপনার সন্তানের পাঠক হিসেবে বেড়ে ওঠা বজায় রাখুন—বাড়িতে এবং আপনার কমিউনিটিতে

NYC Public Schools | Reads

Eric Adams Mayor | David C. Banks Chancellor

## পরিবার ও প্রযত্ন-প্রদানকারীদের জন্য পথ-নির্দেশনা (K-5)

প্রিয় পরিবারবর্গ,

স্কুল ছুটির সময়, আমাদের শিক্ষার্থীদের হাতে কিছু অবসর সময় থাকার সম্ভাবনা রয়েছে।

বাড়িতে এবং আপনার কমিউনিটিতে, স্কুল ছুটির সময় বিনা খরচে আপনার সন্তানকে একজন পাঠক হিসেবে বেড়ে উঠা বজায় রাখতে নিচে আমরা কিছু পথ-নির্দেশনা প্রদান করেছি। আপনি আরও জানতে চাইলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক, লাইব্রেরিয়ান, অথবা আমাদের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

কৃতজ্ঞতার সাথে,

**নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্**

### বাড়িতে বিকশিত হওয়া অব্যাহত রাখুন

স্কুল ছুটির সময়, আপনার সন্তানের কিছু অবসর সময় সম্ভবত বাড়িতেই কাটবে। এই সময়টুকুতে আপনার সন্তানকে একজন পাঠক হিসেবে বেড়ে উঠা বজায় রাখতে এখানে কিছু পন্থা দেয়া হলো:

1. **আপনার পড়ার রুটিন বজায় রাখুন।** আপনার রুটিন থেকে সরে আসার এবং কীভাবে খেলবে কিংবা তার সময় ব্যবহার করবে তা বেছে নিতে আপনার সন্তান সুযোগ পায় তা নিশ্চিত করার জন্য স্কুল ছুটির সময় হচ্ছে একটি সুন্দর সময়। তবে, আপনার পড়ার রুটিন স্কুল চলাকালে বজায় রাখার চেষ্টা করুন। রাতে ঘুমুতে যাবার আগে একসাথে একটি বই পড়ছেন নাকি গাড়িতে বা ট্রেনে অডিওবুক শুনছেন, কিংবা দিনের শুরুতে প্রস্তুত হবার সময় একসাথে গান গাইছেন, একসাথে করা  সাক্ষরতা-বিষয়ক যেকোনো রুটিন বজায় রাখা বিরতির সময় আপনার সন্তানকে পাঠক হিসেবে বেড়ে উঠা অব্যাহত রাখতে সহায়তা করবে।

- অনুস্মারক হিসেবে, আপনি বহু ভাষায় হার্ড কপি (কাগজের সংস্করণ) বই **বিনামূল্যে** আপনার নেইবারহুডের (প্রতিবেশের) নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি (**nypl.org**) (ব্রংক্স এবং ম্যানহাটান, ও স্ট্যাটেন আইল্যান্ডের পরিষেবা দিচ্ছে), ব্রুকলিন পাবলিক লাইব্রেরি (**bklynlibrary.org**), এবং/অথবা কুইন্স পাবলিক লাইব্রেরিতে (**queenslibrary.org**) পাওয়া যাবে। লাইব্রেরিয়ান বা গ্রন্থাগারিক আপনাকে বিভিন্ন বই খুঁজতে সহায়তা করতে পারেন।
- সোরা (Sora) (**on.nyc.gov/sora**) একটি **বিনামূল্যে** 20-টি ভাষায় বিভিন্ন ই-বুক সহ NYCPS-এর শিক্ষার্থীদের জন্য বই পড়ার একটি অ্যাপ। এছাড়াও, এটা বিনামূল্যে বিভিন্ন অডিওবুক অফার করে।

**আরও তথ্যের জন্য উল্টো পৃষ্ঠা দেখুন। ▶**

2. **পড়া (রিডিং) অগ্রসর করার একটি সুযোগ হিসেবে একসাথে রান্না করার চেষ্টা করুন।** এটা আপনাকে সকালের নাস্তা তৈরিতে সহায়তা করার জন্য, আপনার সন্তানকে ইন্সট্যান্ট ওটমিলের প্যাকেটের উপরে দেয়া নির্দেশাবলী পড়তে বলার মতোই অত্যন্ত সহজ কিছু হতে পারে। আথবা আপনি যখন কোনো খাবার তৈরি করছেন, তখন আপনার সন্তানের সাথে কী কী উপকরণ যোগ করছেন এবং সেগুলো কীভাবে রান্না করছেন তা নিয়ে কথা বলুন। আপনি হয়তো তাকে মশলা কিংবা অন্যান্য উপাদান খুঁজতে বলতে পারেন, যেগুলোর জন্য কিছু পড়ার প্রয়োজন।
3. **কোনো বন্ধু অথবা পরিবারের সদস্যকে লিখুন।** কোনো পারিবারিক জন্মদিন আসছে? কোনো বন্ধু দয়াশীল কিছু করেছে? আপনার সন্তানকে একটি কার্ড, চিঠি, কিংবা ধন্যবাদসূচক বার্তা লিখতে অথবা ডেকোরেট করতে (সাজাতে) বলুন। তার কোনো বিশেষ উপকরণের প্রয়োজন নেই, শুধু কাগজ ও কলম অথবা একটি কম্পিউটার, ট্যাবলেট কিংবা স্মার্টফোন।
4. **স্ক্রিন টাইম সর্বোচ্চ সম্ভব কাজে লাগান।** প্রযুক্তি ও মিডিয়ার পরিমিত ব্যবহার আপনার সন্তানের সাক্ষরতায় সহায়তা করতে পারে।
   - যদি আপনার সন্তান কম্পিউটার, ট্যাবলেট, অথবা স্মার্টফোন নিয়ে বসে:
     - তাকে Khan Academy Kids (**khankids.org**), PBS Kids (**pbskids.org**), অথবা Starfall (**starfall.com**) -এর মতো মজার, বিনা মূল্যের সামগ্রীর সাথে সম্পৃক্ত হতে সহায়তা করুন যে পড়ার দক্ষতা অর্জনে সহায়তা করে।
     - অনুধাবন দক্ষতা এবং বিশ্লেষণমূলক চিন্তাভাবনায় উৎসাহিত করতে, এমনকি যেসব উপকরণ শিক্ষাগত মনে হয় না, আপনি সেগুলো নিয়েও আপনার সন্তানের সাথে কথা বলতে পারেন। জিজ্ঞাসা করুন: তুমি _____ বিষয়ে কী শিখেছো? তুমি যদি ঐ ভিডিওটি তৈরি করতে, তবে তুমি কী ভিন্নভাবে করতে এবং কেন?
   - আপনার সন্তানের অনুধাবন দক্ষতায় সহায়তা করতে টিভির বিভিন্ন অনুষ্ঠান (শো) এবং/অথবা চলচ্চিত্র (মুভি) নিয়ে কথা বলুন। জিজ্ঞাসা করুন:
     - অনুষ্ঠানে কিংবা চলচ্চিত্রের চরিত্রগুলো কি কি ছিল? কোনটি তোমার বেশি পছন্দ (ফেভারিট) এবং কেন?
     - অনুষ্ঠান বা চলচ্চিত্রটির (মুভি) মূল সমস্যাটি কী ছিল? কীভাবে সমস্যাটি সমাধান হয়েছে?
     - অনুষ্ঠান কিংবা মুভি মূল ভাবনা কিংবা বার্তাটি কী বলে তোমার মনে হয়?
     - অনুষ্ঠান বা চলচ্চিত্রটি কি তুমি অন্য যেগুলো দেখেছো কিংবা যেসব বই পড়েছ সেগুলোর কথা মনে করিয়ে দেয়? কেন?

---

## আপনার কমিউনিটিতে বিকাশ অব্যাহত রাখুন

এছাড়াও, যদি একজন প্রযত্ন-প্রদানকারী কিংবা বড় ভাই-বোন তত্ত্বাবধান করার জন্য লভ্য থাকে, তবে ছুটির সময় আপনার কমিউনিটিতে আপনার সন্তানকে পাঠক হিসেবে বিনা খরচে সহায়তা করার অনেক উপায় রয়েছে।

1. **স্বনির্ভর, বাহ্যিক খেলাধুলায় উৎসাহিত করুন।** যদি এটি পরার সাথে সংশ্লিষ্ট নাও মনে হতে পারে, তবে আপনার সন্তানের জ্ঞানগত ক্রমবিকাশে স্ব-নির্দেশিত খেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ (এবং এতে মজা আছে)। যদি আপনার সন্তানের একজন প্রযত্নপ্রদানকারী কিংবা বড় ভাই-বোন থাকে যে কোনো নির্দেশনা না দিয়ে শুধু তত্ত্বাবধায়ক (সুপারভাইজার) হিসেবে ভূমিকা পালন করতে পারে, সেক্ষেত্রে আপনার স্থানীয় পার্কে যান। NYC পার্কস্-এর ওয়েবসাইটে (**nycgovparks.org/events/kids**) ছেলেমেয়েদের জন্য বিনামূল্যে কাঠামো অনুযায়ী বিভিন্ন অনুষ্ঠান রয়েছে। যেই দিনগুলোতে আপনার হাতে সময় আছে, সেই দিনগুলোতে আপনার নিকটবর্তী বিভিন্ন অনুষ্ঠান খুঁজতে ফিল্টার ব্যবহার করুন।
2. আপনি টুকটাক কাজ সেরে নেয়ার সময় পড়ুন এবং কথা বলুন। ব্যস্ত পরিবারদের বহু স্থানে যেতে হয়, এবং এমনকি প্রতিদিনের টুকটাক কাজে সেরে নেয়াও পড়া এবং শেখার বিভিন্ন সুযোগ হতে পারে। উদাহরণস্বরূপ:
   - আপনি যখন গ্রোসারি স্টোরে থাকবেন, তখন আপনার সন্তানকে শেলফে থাকা আইটেমগুলোরর নাম পড়তে বলুন, অথবা নির্দিষ্ট আইটেমগুলো কোথায় পাওয়া যাবে তা অনুমান করতে বলুন।
   - লাইনে অপেক্ষা করার সময়—যেকোনো স্থানে!—আপনার সন্তানকে তার চারপাশের জগতের প্রতি লক্ষ্য করতে ও ভাবতে উৎসাহ দেয়ার জন্য "আই স্পাই" খেলুন।
3. আপনার স্থানীয় লাইব্রেরি পরিদর্শন করুন। যদি আপনার সন্তানের একজন প্রযত্ন-প্রদানকারী কিংবা বড় ভাই-বোন থাকে যিনি তার সাথে যেতে পারে, স্কুলের দীর্ঘ ছুটির সময় আপনার স্থানীয় লাইব্রেরিতে বিনা খরচে অনেক অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে।
   - আপনি যদি ব্রুকলিনে বসবাস করেন, তবে ব্রুকলিন পাবলিক লাইব্রেরির অনুষ্ঠান সংক্রান্ত ওয়েবসাইট (**bit.ly/bklibrarykidsevents**) দেখুন। যেই দিনগুলোতে আপনার হাতে সময় আছে, সেই দিনগুলোতে আপনার নিকটবর্তী বিভিন্ন অনুষ্ঠান খুঁজতে ফিল্টার ব্যবহার করুন।
   - আপনি যদি ব্রংক্স, ম্যানহাটান, কিংবা স্ট্যাটেন আইল্যান্ডে বসবাস করেন, সেক্ষেত্রে নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির অনুষ্ঠান সংক্রান্ত ওয়েবসাইট (**nypl.org/events/calendar**) দেখুন। যেই দিনগুলোতে আপনার হাতে সময় আছে, সেই দিনগুলোতে আপনার নিকটবর্তী বিভিন্ন অনুষ্ঠান খুঁজতে ফিল্টার ব্যবহার করুন।
   - আপনি যদি কুইন্সে বসবাস করেন, তবে কুইন্স পাবলিক লাইব্রেরির অনুষ্ঠান সংক্রান্ত ওয়েবসাইট (**bit.ly/queenslibrarykidsevents**) দেখুন। যেই দিনগুলোতে আপনার হাতে সময় আছে, সেই দিনগুলোতে আপনার নিকটবর্তী বিভিন্ন অনুষ্ঠান খুঁজতে ফিল্টার ব্যবহার করুন।